

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
আমার বাড়ি আমার খামার প্রকল্প
প্রবাসী কল্যাণ ভবন (লেভেল-১৩)
৭১-৭২, ইস্কাটন গার্ডেন, ঢাকা-১০০০

স্মারক নং- এবাএখা/উন্নয়ন/লক্ষ্যমাত্রা/১৩৩/২০১৭- ২৮৪৪

তারিখ : ২৫.০৭.২০১৯ খ্রি.

বিষয় : আমার বাড়ি আমার খামার (৩য় সংশোধিত) প্রকল্পের ২০১৯-২০২০ অর্থবছরের লক্ষ্যমাত্রা নির্ধারণ প্রসঙ্গে।

আমার বাড়ি আমার খামার প্রকল্পের ডিপিপিতে দেশব্যাপী নির্ধারিত লক্ষ্যমাত্রার আলোকে ২০১৯-২০২০ অর্থবছরের জন্য মাঠ পর্যায়ে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের জন্য নিম্নোক্ত লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হলঃ

০১। মাঠ সহকারীর লক্ষ্যমাত্রা

সমিতি গঠন	সদস্য অন্তর্ভুক্তি	সঞ্চয় আদায়	ঋণ বিতরণ	ঋণ আদায়
৩টি	২০০ (পূর্বেগঠিত সমিতিতে সদস্য অন্তর্ভুক্তিসহ)	০৫.০০ লক্ষ টাকা (নতুন এবং পূর্বে গঠিত সমিতির সঞ্চয়সহ)	২৫.০০ লক্ষ টাকা	২৫.০০ লক্ষ টাকা

০২। ফিল্ড সুপারভাইজার/জুনিয়র অফিসার (ফিল্ড) এর লক্ষ্যমাত্রা


ফিল্ড সুপারভাইজার/জুনিয়র অফিসার (ফিল্ড) এর আওতাধীন মাঠ সহকারীদের জন্য নির্ধারিত লক্ষ্যমাত্রার সমষ্টিই তাঁর লক্ষ্যমাত্রা হিসেবে বিবেচিত হবে।

০৩। উপজেলা সমন্বয়কারী/শাখা ব্যবস্থাপকের লক্ষ্যমাত্রা

উপজেলাধীন সকল ইউনিয়নের মাঠ সহকারীদের জন্য নির্ধারিত লক্ষ্যমাত্রার সমষ্টিই উপজেলা সমন্বয়কারী/শাখা ব্যবস্থাপকের লক্ষ্যমাত্রা হিসেবে বিবেচিত হবে।

নোটঃ

- উপজেলা সমন্বয়কারী/শাখা ব্যবস্থাপকের নেতৃত্বে ২০১৯-২০২০ অর্থবছরের নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের সর্বাত্মক প্রচেষ্টা গ্রহণ করতে হবে। সদর কার্যালয় হতে ত্রৈমাসিক ভিত্তিতে কর্মী ভিত্তিক লক্ষ্যমাত্রা অর্জন পর্যালোচনা করা হবে।
- প্রত্যেক কর্মীর লক্ষ্যমাত্রা স্বতন্ত্র। তাই ব্যক্তিগতভাবে লক্ষ্যমাত্রা অর্জনের জন্য কর্মীকে সচেষ্ট হতে হবে। এ বিষয়ে কোন অজুহাত গ্রহণযোগ্য নয়।
- উপজেলা সমন্বয়কারী/শাখা ব্যবস্থাপক সাপ্তাহিক স্টাফমিটিংএ লক্ষ্যমাত্রা অর্জনের বিষয় পর্যালোচনা করবেন এবং প্রত্যেক ব্যক্তিকে লক্ষ্যমাত্রা অর্জনের জন্য জবাবদিহির আওতায় আনতে হবে।
- সাপ্তাহিক স্টাফমিটিংএ ফিল্ড সুপারভাইজার/জুনিয়র অফিসার (ফিল্ড) মাঠ সহকারী কর্তৃক আদায়কৃত অর্থ যথারীতি অফিসে রসিদ গ্রহণ করে জমা প্রদান এবং অনলাইনে পোষ্টিং প্রদান করার বিষয় মনিটরিং করবেন। মাঠ সহকারী কর্তৃক আদায়কৃত অর্থ হস্তমজুদ/আত্মসাৎ হলে মাঠ সহকারীর সাথে সাথে ফিল্ড সুপারভাইজার ও ইউসিও দায়ী হবেন।
- লক্ষ্যমাত্রা অর্জনের সার্বিক বিষয় জেলা সমন্বয়কারী জেলা পর্যায়ে মাসিক মিটিংএ নিয়মিত পর্যালোচনা করবেন এবং সদর কার্যালয়ে রিপোর্ট করবেন।


২৫.৭.১৯
আব্দুল হোসেন

প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব)
ফোন: ৯৩৫৯০৮৩, ফ্যাক্স: ৯৩৪৮২০৬

উপজেলা নির্বাহী অফিসার (সকল)

----- উপজেলা

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি :

- সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- জেলা প্রশাসক -----।
- উপপরিচালক, বিআরডিবি -----জেলা।
- জেলা সমন্বয়কারী -----জেলা।
- উপজেলা সমন্বয়কারী/শাখা ব্যবস্থাপক, আমার বাড়ি আমার খামার প্রকল্প/পল্লী সঞ্চয় ব্যাংক-----
উপজেলা।